২ 9 MAY 2017
২ 8

সমকাল

একাদশে ভর্তি

# দ্বিতীয়বার আবেদনের সুযোগ

■ সমকাল প্রতিবেদক

একাদশ শ্রেণির ভর্তিতে দ্বিতীয়বার আবেদন করার সুযোগ পাচ্ছে শিক্ষার্থীরা। নানা কারণে নির্ধারিত সময়েও যারা ভর্তির আবেদন করতে পারেনি তাদের দ্বিতীয়বার আবেদন করার সুযোগ দিয়েছে আন্তঃশিক্ষা বোর্ড। গত শুক্রবার রাত ১২টায় ভর্তির আবেদন করার সময় শেষ হওয়ার পরও ১ লাখ ২৬ হাজার ৪১৫ জন ভর্তির জন্য আবেদন করেনি। তাদের সুযোগ দিতেই মূলত সরকার এ সিদ্ধান্ত নিয়েছে। আগামীকাল মঙ্গলবার ও বুধবার ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## দ্বিতীয়বার আবেদনের

[প্রথম পৃষ্ঠার পর]

এসব শিক্ষার্থী আবেদনের সুযোগ পাবে। একই সঙ্গে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত পরবর্তী কার্যক্রম নিয়ে একটি নির্দেশনা গতকাল রোববার জারি করা হয়েছে।

বিষয়টি নিশ্চিত করে ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন সমকালকে বলেন, বিপুলসংখ্যক শিক্ষার্থী এখনও ভর্তির আবেদন করেনি। সরকারের চাওয়া, তারা যেন ঝরে না পড়ে। তাদেরকে ফল পুনঃনিরীক্ষণের আবেদনকারীদের সঙ্গে আগামী ৩০ ও ৩১ মে আবেদনের সুযোগ দিতে ভর্তি কমিটির সভায় আলোচনা হয়। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান তাতে রাজি হয়েছেন।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সভাপতি অধ্যাপক মাহবুবুর রহমান স্বাক্ষরিত এক নির্দেশনায় বলা হয়- ২৭ মে থেকে শিক্ষার্থীদের আবেদন যাচাই-বাছাই ও আপত্তি নিষ্পত্তি শুরু হয়েছে। চলবে ২৯ মে পর্যন্ত। শিক্ষার্থীদের আবেদনে নিজেদের দেওয়া প্রতিষ্ঠানের পছন্দক্রম আবার ভর্তি ওয়েবসাইটে লগইন করে নিশ্চিত হতে পারবে। যাদের আবেদনে সমস্যা আছে তারা ইন্টারনেটে ভর্তি ওয়েবসাইটের মাধ্যমে জানতে পারবে। পরে আপত্তি নিষ্পত্তির পর তারা আবার আবেদন সংশোধন করতে পারবে। যারা আবেদন ফি দিয়েছে কিন্তু আবেদন সাবমিট করতে পারেনি; তারাও সাবমিট করতে পারবে। পুনঃনিরীক্ষণে যাদের এসএসসি পরীক্ষার ফল পরিবর্তন হবে, তারা আগে আবেদন করলেও নতুন করে ৩০ থেকে ৩১ মে পর্যন্ত কলেজ/ সমমানের প্রতিষ্ঠান সংযোজন অথবা বিয়োজন ও পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। যাচাই-বাছাই করার পর যেসব শিক্ষার্থীর আবেদনে সমস্যা থাকবে, তারাও নিষ্পত্তির পর একই সময়ের মধ্যে আবেদন সংশোধন করতে পারবে। আগামী ৫ জুন আবেদনকৃতদের ফল প্রকাশ করা হবে। একজন শিক্ষার্থী শুধু একটি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে সিলেকশন পাবে। ফল শিক্ষার্থীকে এসএমএসের মাধ্যমে জানানো হবে। ভর্তির ওয়েবসাইটেও প্রকাশ করা হবে। যারা ভর্তির জন্য সিলেকশন পাবে না তাদের ১৩ জুন তারিখে ভর্তির দ্বিতীয় ফল প্রকাশ পর্যন্ত অপেক্ষা করতে হবে। প্রথম দফায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নিবন্ধন ও অন্যান্য ফি টেলিটক, শিওরক্যাশ বা রকেটের মাধ্যমে প্রদান করে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করতে হবে। ৬ থেকে ৮ জুনের মধ্যে ফি জমা না দিলে সিলেকশন বাতিল করা হবে। বোর্ডের রেজিস্ট্রেশন ফি জমা দেওয়া শিক্ষার্থীরা ৯ থেকে ১০ জুন পর্যন্ত আগে আবেদনকৃত প্রতিষ্ঠানের মধ্যে অধিক পছন্দের প্রতিষ্ঠানে মাইগ্রেশনের জন্য ভর্তি ওয়েবসাইটের মাধ্যমে অপশন দিতে পারবে। অপশন দেওয়ার পর মাইগ্রেশন হলে আগের প্রতিষ্ঠানের সিলেকশন বাতিল হবে। যেসব শিক্ষার্থী আগে আবেদন করেনি তারা আবেদন ফি ১৫০ টাকা টেলিটকের মাধ্যমে জমা দিয়ে অনলাইনে আবেদন করতে পারবে। প্রথম পর্যায়ে সিলেকশন পাওয়ার পরও রেজিস্ট্রেশন ফি জমা দেয়নি, তারাও ৯ থেকে ১০ জুন পর্যন্ত নতুনভাবে আবেদন করতে পারবে। বাকি তথ্য ভর্তির ওয়েবসাইটে দেওয়া হয়েছে।